16

দৈনিক ইনকিলাব

তারিখ 24 NOV 1997
পৃষ্ঠা ৩ কলাম ৬

# আইডিয়াল স্কুল এন্ড কলেজের চেয়ারম্যান পদ থেকে সাবের চৌধুরীর পদত্যাগ দাবী

আইডিয়াল স্কুল এন্ড কলেজের অভিভাবক অভিভাবিকা ফোরামের সমাবেশে গর্ভনিং বড়ির চেয়ারম্যান পদ থেকে জনাব সাবের হোসেন চৌধুরীর পদত্যাগ দাবী করা হয়েছে।

ফোরামের আহবায়ক সিরাজুল ইসলামের সভাপতিত্বে স্কুলের সামনে অনুষ্ঠিত সমাবেশে বক্তারা এই দাবী করেন। সমাবেশে অবিলম্বে গর্ভনিং বোর্ডের সভা আহবান এবং অভিভাবক নির্বাচন অনুষ্ঠানের দাবী করা হয়। সভায় আগামী ২৯ নভেম্বর সকাল ১০টায় ইস্কাটনস্থ সোহাগ কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিতব্য অভিভাবকদের সাধারণ সভা সফল করার আহবান জানানো হয়। সমাবেশ শেষে একটি বিক্ষোভ মিছিল নগরীর বিভিন্ন রাস্তা প্রদক্ষিণ করে। প্রেস বিজ্ঞপ্তি।